দৈনিক
ইত্তেফাক

৩৭

তারিখ ... 24 AUG 1996
পৃষ্ঠা: ১ কলাম ৬

# ক্যাম্পাস শান্ত

## আজ ভিসি পদত্যাগ করিতে পারেন

● বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি অপরিবর্তিত রহিয়াছে। গতকাল (শুক্রবার) ক্যাম্পাস পরিস্থিতি শান্ত ছিল। কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই।

এদিকে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদ তাঁহার বাঁধিয়া দেওয়া ৪৮ ঘন্টার সময়সীমা আজ শনিবার উত্তীর্ণ হওয়ার পর

(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

### ক্যাম্পাস

(১ম পৃঃ পর)

দিবসের শেষে যেকোন সময়ে পদত্যাগ করিতে পারেন। পূর্বদিনের ন্যায় গতকালও ক্যাম্পাসে বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন ছিল। ছাত্রদলের একটি গ্রুপের সহযোগিতায় সূর্য সেন হলও ছাত্রলীগের দখলে চলিয়া যাইতে পারে— এই শংকায় ছাত্র দলের কেন্দ্রীয় নেতৃবৃন্দসহ বিপুলসংখ্যক নেতা-কর্মী দিবানিশি এই হলে অবস্থান করিতেছেন। তাহারা সতর্ক প্রস্তুতি গ্রহণ করিয়াছেন। বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল নিয়ন্ত্রিত ৪টি ছাত্রবাস ছাত্র লীগের দখলে চলিয়া যাওয়ার পর ছাত্রদল এখন ক্যাম্পাসের উত্তরপাড়ার ৪টি হলে কোণঠাসা হইয়া পড়িয়াছে। পুলিশ ক্যাম্পাসের বিভিন্ন সড়কে যানবাহন আটক করিয়া তল্লাশী অব্যাহত রাখিয়াছে। গতকাল সারাদিন মধুর ক্যান্টিন ছিল ফাঁকা। কোন সংগঠনের নেতা-কর্মীকে মধুর ক্যান্টিনে দেখা যায় নাই। এদিকে সূর্য সেন হলের প্রধান ফটক ছাত্রদল কর্মীরা বন্ধ করিয়া একটি বিকল্প ফটক উন্মুক্ত করিয়াছে। মুহসীন হলের পূর্ব গেটের সম্মুখস্থ টিএ দোকান গতকাল নূতন গেটের সম্মুখে স্থাপন করা হইয়াছে।